দৈনিক ইত্তেফাক

৩৮

তারিখ ... 01 NOV 1992 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৫ ...

# ছাত্রদের বিক্ষোভ ।। ভাংচুর গ্রেফতার ৬৭

ইত্তেফাক রিপোর্ট ।। এসএসসি পরীক্ষায় নৈর্ব্যক্তিক পদ্ধতি পুরাপুরি বহাল রাখার দাবীতে গতকাল (শনিবার) ঢাকা মহানগরীর বিভিন্ন স্কুলের ছাত্ররা মিছিল সহকারে প্রেস ক্লাবের সম্মুখে সমবেত হয়। সমাবেশের শুরুতে একদল ছাত্র বিএমএ ভবনের দিকে ছুটিয়া যায়। তাহারা ১২টি প্রাইভেট কার ভাংচুর করে। আরেকদল ছাত্র তোপখানা রোড, পররাষ্ট্র মন্ত্রণালয়ের পার্শ্ববর্তী ফুটপাতের দোকান ভাংচুর, তছনছ ও লুটপাট করে। তখন পুলিশ ছাত্রদের ধাওয়া করে। ছাত্ররা পাল্টা পুলিশের প্রতি ইট-পাটকেল নিক্ষেপ করে। উত্তেজিত ছাত্ররা প্রেস ক্লাবের পার্শ্বে দুইটি মিনিবাসে ইট-পাটকেল নিক্ষেপ করিয়া গ্লাস ভাংচুর (শেষ পৃঃ দ্রঃ)

## ভাংচুর-গ্রেফতার

(প্রথম পৃষ্ঠার পর)

করে। পুলিশ ছাত্রদের প্রহার করে এবং ঘটনাস্থল হইতে ৬৫ জন ছাত্রকে গ্রেফতার করে। ইহাছাড়া, মীরপুর চৌরাস্তার নিকট ছাত্ররা একটি বিআরটিসি বাস ও মিনিবাসের প্রতি ইটপাটকেল নিক্ষেপ করিলে পুলিশ তাহাদের উপর লাঠিচার্জ করে। পুলিশ ঘটনাস্থল হইতে ২ জন ছাত্রকে গ্রেফতার করে। এই ঘটনার প্রতিবাদে গতকাল ছাত্ররা প্রেস ক্লাবের সম্মুখে পুনরায় সমাবেশের আয়োজন করে। গাজী খালেদ মাহমুদ তরুণের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বক্তৃতা করেন জাহাঙ্গীর মামুন, জাহিদ, রমজান প্রমুখ। বক্তারা অবিলম্বে ১৯৯২ সালের পরীক্ষা পদ্ধতি ১৯৯৩ সালের পরীক্ষার্থীদের জন্য বহাল রাখার দাবী জানান। বক্তারা গ্রেফতারকৃত স্কুল ছাত্রদের মুক্তির দাবী করে। অন্যথায় তাহারা আরও জোরদার আন্দোলন গড়িয়া তুলিবে বলিয়া জানায়।

ময়মনসিংহ সংবাদদাতা ।। এসএসসি পরীক্ষার পদ্ধতি পরিবর্তনের প্রতিবাদে গতকাল শহরের হাইস্কুলগুলির ছাত্র-ছাত্রীরা মিছিল করিয়া ডিসি'র নিকট যায় এবং বৃহস্পতিবারে গ্রেফতারকৃত ১৫ জন ছাত্রের মুক্তিদাবী করে। মুচলেকা লইয়া তাহাদের জামিন দেওয়া হয়। পরীক্ষা পদ্ধতি পরিবর্তনের দাবীতে ১০ই নভেম্বরে শহরে পূর্ণদিবস হরতাল আহ্বান করা হইয়াছে।

নরসিংদী সংবাদদাতা ।। নৈর্ব্যক্তিক পরীক্ষা পদ্ধতি বাতিলের খবরে বিভিন্ন স্কুলের ছাত্ররা গতকাল শহরে মিছিল বাহির করে। মিছিলকারীরা ২৫টি বাস ভাংচুর করে।

সিরাজগঞ্জ হইতে সংবাদদাতা ।। এস-এস-সি পরিক্ষার নৈর্ব্যক্তিক প্রশ্নপত্র বাতিলের গুজবকে কেন্দ্র করিয়া গতকাল শহরের ৫টি শিক্ষা প্রতিষ্ঠানের প্রায় দেড় হাজার ছাত্র লাঠি-সোটা লইয়া বিক্ষোভ মিছিল করে। মিছিলকারীরা ৩টি সরকারী প্রতিষ্ঠানের ক্ষতিসাধন এবং দুইটি গাড়ী ভাংচুর করে। পুলিশের লাঠিচার্জে ১০জন ছাত্র আহত হয়। পুলিশ ১৩জনকে গ্রেফতার করে।

ফরিদপুর সংবাদদাতা ।। এস এস সি পরীক্ষায় নৈর্ব্যক্তিক প্রশ্নপত্র বাতিলের গুজবকে কেন্দ্র করিয়া গতকাল বিভিন্ন হাইস্কুলের কয়েকশত ছাত্র শহরে মিছিল বাহির করে। মিছিলকারীরা সদর হাসপাতালের সম্মুখে দুইটি গাড়ী ভাংচুর করে। তাহাদের ইট-পাটকেল নিক্ষেপে কয়েকজন পথচারী আহত হয়।

মাদারীপুর সংবাদদাতা ।। শহরের বিভিন্ন হাইস্কুলের ছাত্ররা মিছিল করে। মিছিলকারীরা জেলা শিক্ষা অফিস, অগ্রণী ব্যাংকের এজিএম এবং 'পেপ' নামক একটি সংস্থার কর্মকর্তার বাসা ভাংচুর করে। জেলা শিক্ষা অফিসে হামলার সময় একজন শিক্ষক আহত হন।

টাঙ্গাইল সংবাদদাতা ।। নৈর্ব্যক্তিক পরীক্ষা পদ্ধতি বাতিলের গুজবকে কেন্দ্র করিয়া গতকাল শহরের বিভিন্ন স্কুলের ছাত্ররা ক্লাস বর্জন ও মিছিল করে। মিছিলকারীরা ৫টি গাড়ী ভাংচুর করে।